**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, সোমবার ২৯ ফেব্রুয়ারি ২০১৬, ১৭ ফাল্গুন ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশজুড়ে ১০০ অর্থনৈতিক অঞ্চল হবে: প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। অতিরিক্ত ফি আদায়ের কারণে ১২০৯ শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানো নোটিশ

৩। দেশে নতুন নতুন জঙ্গির উদ্ভব হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। শাস্তির মাত্রা বাড়িয়ে জাতীয় সংসদে পেট্রোলিয়াম বিল পাস

৫। পণ্যের পাটের ব্যাগ ব্যবহার : ৩৮ ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্মাননা পাচ্ছে

৬। উন্নত প্রযুক্তি ব্যবহারে বছরে ১ লাখ মেট্রিক টন মধু উৎপাদন সম্ভব : শিল্পমন্ত্রী

৭। প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রশিক্ষণের বিকল্প নেই : তথ্যমন্ত্রী

৮। জামানত ছাড়া ব্যাংকগুলো ঋণ দিতে চায় না
: বাংলাদেশ ব্যাংকে চিঠিলেখার পরামর্শ গভর্নরের

৯। বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের জ্যেষ্ঠ কর্মকর্তা
একেএম শামীম চৌধুরীকে প্রধান তথ্য কর্মকর্তা নিয়োগ

১০। শ্রীলংকাকে হারিয়ে ফাইনালের পথে বাংলাদেশ

১১। টাঙ্গাইল-৪ আসনের উপনির্বাচন ২০ মার্চ

চলমান পাতা/২

**১। দেশজুড়ে ১০০ অর্থনৈতিক অঞ্চল হবে: প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

নতুন ১০টি অর্থনৈতিক অঞ্চলের যাত্রা শুরু হলো বাংলাদেশে; যার ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গতি সঞ্চার হবে বলে আশা করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার প্রেক্ষাপট ব্যাখ্যা করতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, আমাদের জমির স্বল্পতা আছে। এই ছোট্ট একটা ভূখণ্ডে ১৬ কোটি মানুষের বাস। তাদের খাদ্যের নিরাপত্তা দিতে হবে, ফসল উৎপাদন করতে হবে, সেই ফসলি জমি রক্ষা করতে হবে। পরিবেশ রক্ষা করতে হবে। গতকাল ২৮ ফেব্রুয়ারি রোববার সকালে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনে কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি দেশের বিভিন্ন স্থানে এসব অর্থনৈতিক অঞ্চলের উদ্বোধন করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.২)।

**২। অতিরিক্ত ফি আদায়ের কারণে ১২০৯ শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানো নোটিশ**

২০১৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষার ফরম পূরণের সময় শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি নেওয়ার বিষয়ে কোনো জবাব না দেওয়ায় এক হাজার ২০৯টি শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। গতকাল ২৮ ফেব্রুয়ারি রোববার শিক্ষা মন্ত্রণালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'এক মাসের মধ্যে সন্তোষজনক জবাব না পাওয়া গেলে ওইসব প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি বাতিল করা হবে।' আগামী ২৫ মার্চের মধ্যে এসব প্রতিষ্ঠানকে নোটিশের জবাব দিতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯, ক.২), **ইত্তেফাক** (পৃ.৩, ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১, ক.৩), **নিউ নেশন** (পৃ.১, ক.১), **নিউজ টুডে, বাংলাদেশ টুডে** লিড নিউজ ছেপেছে।

**৩। দেশে নতুন নতুন জঙ্গির উদ্ভব হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এমপি বলেছেন,দেশে নতুন নতুন জঙ্গির উদ্ভব হচ্ছে। এরা মানুষের জানমাল বিনষ্ট করছে। ইসলাম শান্তির ধর্ম। ইসলাম কখনো জঙ্গিবাদ সমর্থন করে না। ইসলামে জঙ্গিবাদের স্থান নেই। তাই জঙ্গি ও সন্ত্রাসীদের বিরুদ্ধে সব ইমাম এবং মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের রুখে দাঁড়ানোর আহবান জানান তিনি। গতকাল রোববার বিকেলে লক্ষ্মীপুর জেলা স্টেডিয়াম মাঠে জেলা ইমাম সমিতি ও জেলা কমিউনিটি পুলিশিং সেল কর্তৃক আয়োজিত ওয়াজ মাহফিল অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

**৪। শাস্তির মাত্রা বাড়িয়ে জাতীয় সংসদে পেট্রোলিয়াম বিল পাস**

পেট্রোলিয়াম আমদানি, মজুদ ও পরিবহণ, বিতরণ বা শোধনে আইন লঙ্ঘন হলে শাস্তির মাত্রা বাড়িয়ে নতুন পেট্রোলিয়াম আইন করার প্রস্তাবে সায় দিয়েছে জাতীয় সংসদ। গতকাল ২৮ ফেব্রুয়ারি রোববার সংসদে বিদ্যুৎ, জ্বালানি খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ 'পেট্রোলিয়াম বিল-২০১৬' সংসদে অনুমোদনের জন্য তুললে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৫। পণ্যের পাটের ব্যাগ ব্যবহার : ৩৮ ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্মাননা পাচ্ছে**

ছয়টি পণ্যে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগ ব্যবহার নিশ্চিত করতে সহযোগিতার জন্য ৩৮ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মাননা দেবে সরকার। আগামী ৬ মার্চ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদের হাতে সম্মাননা তুলে দেবেন বলে জানিয়েছেন বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম। একই অনুষ্ঠানে তিন দিনের পাটপণ্যের মেলাও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ. ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩ ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ. ক.৭)।

চলমান পাতা/৩

**৬। উন্নত প্রযুক্তি ব্যবহারে বছরে ১ লাখ মেট্রিক টন মধু উৎপাদন সম্ভব : শিল্পমন্ত্রী**

উন্নত প্রযুক্তি ও মৌচাষির সংখ্যা বাড়লে বছরে এক লাখ মেট্রিক টন মধু উৎপাদন সম্ভব হলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। 'মিলবে পুষ্টি বাড়বে ফলন, আয় বাড়াবে মৌ পালন' এর শ্লোগান নিয়ে মৌ মেলা চলবে ১ মার্চ পর্যন্ত। মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত খোলা থাকবে। তিন দিনব্যাপী এ মেলার আয়োজন করেছে কৃষি সম্প্রসারণ অধিদফতর (ডিএই)। গতকাল ২৮ ফেব্রুয়ারি রোববার রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (কেআইবি) মিলনায়নে 'মৌ মেলা ২০১৬'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি শিল্পমন্ত্রী তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১৪ ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩ ক.২)।

**৭। প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রশিক্ষণের বিকল্প নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, 'সংবিধানের আলোকে দক্ষ কর্মপরিচালনায় প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রশিক্ষণের বিকল্প নেই। প্রশিক্ষণ, দূরদৃষ্টির জন্ম দেয়। দেশের সংবিধান, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি আনুগত্যই প্রজাতন্ত্রের কর্মচারীদের মূল চালিকাশক্তি এবং তাদের অধিকার আইন দ্বারা সুরক্ষিত'। গতকাল ২৮ ফেব্রুয়ারি রোববার রাজধানীর দারুস সালামে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে নবম থেকে ষষ্ঠ গ্রেডের কর্মকর্তাদের তিন মাসের বুনিয়াদি প্রশিক্ষণ পাঠ্যধারা উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫)।

**৮। জামানত ছাড়া ব্যাংকগুলো ঋণ দিতে চায় না**
**: বাংলাদেশ ব্যাংকে চিঠিলেখার পরামর্শ গভর্নরের**

ব্যবসা শুরুর প্রারম্ভিক মূলধন হিসেবে নারী উদ্যোক্তদ্যের ব্যাংকগুলো ঋণ দিতে চায় না। আবার ঋণ দিতে রাজি হলেও জামানত চায়। জামানতকারী হিসেবে ব্যাংকগুলো সরকারি কর্মকর্তাদের স্বাক্ষর চান। ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও ব্যবসাক্ষেত্রে নারীরা এগিয়ে যেতে পারছে না।নারী উদ্যোক্তাদের এ সমস্যা সমাধানে বাংলাদেশে ব্যাংকের এসএমই বিভাগ চিঠি লেখার পরামর্শ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। ২৮ ফেব্রুয়ারি রোববার ঢাকা চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে (ডিসিসিআই) 'নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কার্যক্রম'-এর উদ্বোধন অনুষ্ঠানে নারী উদ্যোক্তারা ঋণ নিয়ে হয়রানির বিভিন্ন অভিযোগ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গর্ভনর ড. আতিউর রহমান। অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে নারী উদ্যোক্তরা অংশ নেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.ক.৫), **সংবাদ** (পৃ.১৩, ক.১), **অবজারভার** (শেষ পৃ.ক.১)।

**৯। বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের জ্যেষ্ঠ কর্মকর্তা**
**একেএম শামীম চৌধুরীকে প্রধান তথ্য কর্মকর্তা নিয়োগ**

বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের জ্যেষ্ঠ কর্মকর্তা এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক একেএম শামীম চৌধুরীকে তথ্য অধিদফতরের প্রধান তথ্য কর্মকর্তা পদে নিয়োগ দেওয়া হয়েছে। সম্প্রতি তথ্য মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। পূর্বতন প্রধান তথ্য কর্মকর্তা তছির আহাম্মদ আজ থেকে অবসরে যাবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯ ক.৬), **সংবাদ** (পৃ.২ ক.৮), **যুগান্তর** (পৃ.২ ক.৮)।

**১০। শ্রীলংকাকে হারিয়ে ফাইনালের পথে বাংলাদেশ**

এশিয়া কাপে নিজেদের তৃতীয় ম্যাচে মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে শ্রীলংকাকে ২৩ রানে হারায় বাংলাদেশ। ২০ ওভারে ৭ উইকেটে ১৪৭ রান করেছিল বাংলাদেশ। শ্রীলংকা করতে পারে ৮ উইকেটে ১২৪। প্রথম ম্যাচে হেরে শুরু করলেও টানা দ্বিতীয় জয়ে বাংলাদেশ পয়েন্ট টেবিলে  নিয়ে গেল আগে থেকে শীর্ষ থাকা ভারতের সমান পয়েন্টে। শীর্ষ দুই দল সরাসরি ফাইনালে যাবে। তাই এই জয়ের গুরুত্ব তাই অপরিসীম। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.১), **ইত্তেফাক, জনকণ্ঠ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। টাঙ্গাইল-৪ আসনের উপনির্বাচন ২০ মার্চ**

স্থগিত হওয়া টাঙ্গাইল-৪ আসনের উপনির্বাচন আগামী ২০ মার্চ অনুষ্ঠিত হবে। গতকাল ২৮ ফেব্রুয়ারি রোববার নির্বাচন কমিশনের (ইসি) জনসংযোগ বিভাগের পরিচালক এস এম আসাদুজ্জামান সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৪), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

চলমান পাতা/৪

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেওয়া ও বাছাইয়ের ব্যাপারে আনীত অভিযোগগুলো আমলে নিয়ে নির্বাচন কমিশনকে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** স্কুল পর্যায়ের বিভিন্ন বইয়ে ও এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রে শিক্ষা বোর্ডের ভুল শনাক্ত করার কথা উল্লেখ করে শিক্ষার মানোন্নয়নে এসব ভুলের ব্যাপারে সচেতন হওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** রোগবালাই থেকে ধানগাছের সুরক্ষা নিশ্চিত করা না গেলে খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়বে বলে মন্তব্য করে ধানগাছের রোগবালাই দমনে নয়া নভেল প্রজাতির ব্যাকটেরিয়া শনাক্তে বাংলাদেশি বিজ্ঞানীর সাফল্যে অভিনন্দন জ্ঞাপন।

ঘ. **সমকাল :** পারিবারিক কলহের জের ধরে কুমিল্লায় সৎ ভাইয়ের হাতে দুই শিশু নিহত হওয়ার নৃশংস ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এসব হত্যার সাথে জড়িতদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **ইনকিলাব :** অপরিকল্পিত ও সমন্বয়হীন খোঁড়াখুঁড়ির কারণে বেহাল হয়ে রাজধানীর রাস্তাঘাট চলাচলের অনুপযোগী হয়ে পড়ার কথা উল্লেখ করে জনস্বার্থে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** রাজধানীকে মশামুক্ত করতে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনকে যথাসময়ে একযোগে কাজ করার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বন্দর নগরী চট্টগ্রামসহ জেলার সর্বত্র ১ম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠ্যবইয়ের অবৈধ নোট বই ও গাইড বইয়ের বিস্তারে জন্য প্রকৃত শিক্ষা ব্যাহত হওয়ার আশঙ্কা প্রকাশ।

জ. **ডেইলি সান :** স্থানীয় চাকরির বাজারে বিদেশিদের বিশেষ করে ভারতীয় নাগরিকরা প্রতি বছর এদেশ থেকে ৩.৭৬ বিলিয়ন ডলার ভারতে প্রেরণ করে উল্লেখ করে নিয়োগদানকারী কর্তৃপক্ষকে প্রার্থী নিয়োগে স্থানীয়দের প্রাধান্য দেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** দেশের মোট সরবরাহকৃত ওষুধের ৩ শতাংশই বিষাক্ত ও নিম্নমানের বলে উল্লেখ করে এ ধরনের ওষুধ উৎপাদন ও বাজারজাতকরণ বন্ধে আইনি ব্যবস্থা জোরদার করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে আইনের সুষ্ঠু ও সুষম প্রয়োগ এবং বাস্তবায়ন প্রণীত আইনকে পরিপূর্ণ করে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বন্ধ হোক শিশু নির্যাতন'** শিরোনামের নিবন্ধে ড. কুদরাত-ই-খুদা বাবু দেশে শিশুশ্রম বন্ধে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, মানবাধিকার সংগঠন, সরকার জানান, সুশীল সমাজ, গণমাধ্যমসহ সচেতন প্রত্যেক ব্যক্তির উচিত অধিকারবঞ্চিত শিশুদের অধিকার বাস্তবায়নে তাদের পাশে দাঁড়ানো বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/আসমা/২০১৬/৯.০০ ঘণ্টা